

শিবগঞ্জ মাদ্রাসা কেন্দ্রে একদিন আগে পরীক্ষা গ্রহণ : আলিম পরীক্ষার্থীরা বিপাকে

শিবগঞ্জ প্রতিনিধি

উপজেলা শিবগঞ্জ মাদ্রাসা কেন্দ্রে চলতি আলিম পরীক্ষার ২৫ জুনের পরীক্ষা একদিন আগে ২৪ জুন নেয়া হয়েছে। ফলে মাদ্রাসা বোর্ডের অধীন ২৫ জুনের সব পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে। এর ফলে পরীক্ষার্থীরা বিপাকে পড়েছে। গতকাল বুধবার শিবগঞ্জ মাদ্রাসা কেন্দ্রে সচিবের সঙ্গে যোগাযোগ করা হলে ডাইন প্রিন্সিপাল মাওলানা মোহাম্মদ মোর্তুজা আলম জানান, মাদ্রাসা বোর্ডের পাঠানো ৩ পৃষ্ঠার প্রোগ্রামের ২ পৃষ্ঠা সাদা থাকায় ০৪/০৫/২০০৩ ইং তারিখে ইনকিলাব

পত্রিকায় প্রকাশিত প্রোগ্রাম অনুসারে পরীক্ষা গ্রহণ করা হয়। ফলে এ বিপত্তি ঘটেছে। গত ২৪ জুন, শিবগঞ্জ মাদ্রাসা কেন্দ্রে ৯টি মাদ্রাসার ১৮৪ জন ছাত্রছাত্রী রসায়ন, অর্থনীতি ও পৌরনীতি বিষয় পত্রের পরীক্ষার অংশ নেয়। ডাইন প্রিন্সিপাল আরও জানান, আলিম পরীক্ষা : পৃষ্ঠা ২ : কলাম ৭

আলিম পরীক্ষা : একদিন আগে (৩য় পৃষ্ঠার পর)

গত মঙ্গলবার পরীক্ষার দিন পরীক্ষা কেন্দ্রে ম্যাড্রাস্টেটের দায়িত্বে শিবগঞ্জ সহকারী কমিশনার (ভূমি) থাকার কথা থাকলেও কোন ম্যাড্রাস্টেট ছিলেন না। এমনকি অন্যান্য দিন প্রশ্নপত্র খানা থেকে বের করার সময় একজন ম্যাড্রাস্টেট থাকলেও গত মঙ্গলবার প্রশ্নপত্র নেয়ার সময় কোন ম্যাড্রাস্টেট ছিলেন না। মাদ্রাসা বোর্ড ২৫ জুনের ৬টি বিষয়ের পরীক্ষা বাতিল ঘোষণা করে। বিষয়গুলোর মধ্যে রয়েছে রসায়ন, অর্থনীতি, পৌরনীতি, ইংরেজি, উর্দু ও ফার্সি। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ হোসেন জানান, কেন্দ্রে সচিব ইনকিলাব পত্রিকায় প্রকাশিত প্রোগ্রাম অনুসারে পরীক্ষা নেয়। বোর্ডের কোন প্রোগ্রাম তাকে নেয়া হয়নি বলে তিনি জানান। অতিরিক্ত ডেলা প্রশাসক (সাধারণ) এ ব্যাপারে তদন্ত শুরু করেছেন।